# রংপুর জেলার পীরগঞ্জ উপজেলা পরিষদের জুলাই/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব নুর মোহাম্মদ মন্ডল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,পীরগঞ্জ,রংপুর।
তারিখ ঃ ১৩/০৭/২০২৩খ্রি.    সময়ঃ সকাল-১১.০০ ঘটিকা

স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, পীরগঞ্জ, রংপুর।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, রংপুর এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি উপজেলা পরিষদের মাসিক সভার সদস্য বীর মুক্তিযোদ্ধা মোঃ আব্দুস সাত্তার মন্ডল আকর্ষিক মৃত্যুবরণ করায় সকলে তার বিদ্রেহী আত্মার মাগফিরাত কামনা করে উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানান এবং সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। অতঃপর এজেন্ডাভিত্তিক আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিভাগীয় আলোচনা ঃ**

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| চেয়ারম্যান, ১নং চৈত্রকোল ইউপি পীরগঞ্জ, রংপুর। | চেয়ারম্যান, ১নং চৈত্রকোল ইউনিয়ন পরিষদ পীরগঞ্জ, রংপুর তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি আরও জানান রাঙ্গামাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক দীর্ঘদিন যাবত অনুপস্থিত থাকায় স্কুলের ছাত্র ছাত্রীদের শিক্ষা কার্যক্রম বিনষ্ট হচ্ছে মর্মে সভায় অবহিত করেন। তিনি ইউনিয়নের স্বাভাবিক কার্যক্রম পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ইউনিয়নের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং প্রধান শিক্ষককে স্কুলে উপস্থিতির বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হলো। | চেয়ারম্যান, ১নং চৈত্রকোল ইউপি |
| চেয়ারম্যান, ২নং ভেন্ডাবাড়ী ইউপি পীরগঞ্জ, রংপুর। | চেয়ারম্যান, ২নং ভেন্ডাবাড়ী ইউনিয়ন পরিষদ পীরগঞ্জ, রংপুর তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ইউনিয়নের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | চেয়ারম্যান, ২নং ভেন্ডাবাড়ী ইউপি |
| চেয়ারম্যান, ৪নং কুমেদপুর ইউপি পীরগঞ্জ, রংপুর। | চেয়ারম্যান, ৪নং কুমেদপুর ইউনিয়ন পরিষদ পীরগঞ্জ, রংপুর তার ইউনিয়নের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও বলেন অত্র ইউনিয়নের উন্নয়নমূলক কাজের সাথে জনপ্রতিনিধিদের সম্পৃক্ততা করার জন্য সভায় বলেন। | ইউনিয়নের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | চেয়ারম্যান, ৪নং কুমেদপুর ইউপি |
| চেয়ারম্যান, ৫নং মদনখালী ইউপি পীরগঞ্জ, রংপুর। | চেয়ারম্যান, ৫নং মদনখালী ইউনিয়ন পরিষদ পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, মদনখালী ইউনিয়নের খালাশপীর হাটের গলির রাস্তা দোকানের সেড নষ্ট হওয়ায় সেগুলো মেরামত করা প্রয়োজন মর্মে সভায় অবহিত করেন। | ইউনিয়নের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | চেয়ারম্যান, ৫নং মদনখালী ইউপি |
| চেয়ারম্যান, ৬নং টুকুরিয়া ইউপি পীরগঞ্জ, রংপুর। | চেয়ারম্যান, ৬নং টুকুরিয়া ইউনিয়ন পরিষদ পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, তার ইউনিয়নের পাশদিয়ে করতোয়া নদী থাকায় বর্ষাকালে গ্রামীন রাস্তাগুলো চলাচলের অনুপযোগী থাকায় এবং বিভিন্ন রাস্তা ভাঙ্গনের হাত হতে রক্ষার জন্য প্যালাসাইটিং নির্মাণ করা প্রয়োজন মর্মে সভায় অবহিত করেন। | ইউনিয়নের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | চেয়ারম্যান, ৬নং টুকুরিয়া ইউপি |
| চেয়ারম্যান, ৭নং বড়আলমপুর ইউপি পীরগঞ্জ, রংপুর। | চেয়ারম্যান, ৭নং বড়আলমপুর ইউনিয়ন পরিষদ পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, তার ইউনিয়নের সন্যাসীর হাট ও কাঞ্চনের বাজার রয়েছে। উক্ত হাট-বাজারের জায়গায় বিভিন্ন দোকান ঘর নির্মাণ করায় রাস্তা দিয়ে জনসাধারণের চলাচলের অসুবিধা হচ্ছে। বিধায় দোকানগুলো অপসারণ করা প্রয়োজন। | ইউনিয়নের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | চেয়ারম্যান, ৭নং বড়আলমপুর ইউপি |
| চেয়ারম্যান, ৯নং পীরগঞ্জ ইউপি পীরগঞ্জ, রংপুর। | চেয়ারম্যান, ৯নং পীরগঞ্জ ইউনিয়ন পরিষদ পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, তার ইউনিয়নের কাযক্রম সুষ্ঠুভাবে চলছে | ইউনিয়নের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | চেয়ারম্যান, ৭নং বড়আলমপুর ইউপি |
| চেয়ারম্যান, ১০নং শানেরহাট ইউপি পীরগঞ্জ, রংপুর। | চেয়ারম্যান, ১০নং শানেরহাট ইউনিয়ন পরিষদ পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি আরও বলেন বর্ষাকালে গ্রামীন কাচা রাস্তাগুলো জনসাধারণের চলাচলের অসুবিধা হওয়ায় জরুরী ভিত্তিতে কাচা রাস্তাসমূহ ইটের রাবিশদ্বারা মেরামতের জন্য সভায় আলোচনা করেন। | ইউনিয়নের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | চেয়ারম্যান, ১০নং শানেরহাট ইউপি |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| চেয়ারম্যান, ১১নং পাঁচগাছী ইউপি পীরগঞ্জ, রংপুর। | চেয়ারম্যান, ১১নং পাঁচগাছী ইউনিয়ন পরিষদ পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান তারার মোড় হতে জোতিডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তাটির খোয়া বিছানো আছে কাজটি সমাপ্ত না করায় জনসাধারণের চলাচলের অসুবিধা হচ্ছে। রাস্তাটির কাজ সমাপ্ত করার জন্য সভায় আলোচনা করেন। | ইউনিয়নের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং রাস্তাটির কাজ সমাপ্ত করার জন্য উপজেলা প্রকৌশলীর মাধ্যমে সংশ্লিষ্ট ঠিকাদারকে নির্দেশ প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ১১নং পাঁচগাছী ইউপি |
| চেয়ারম্যান, ১২নং মিঠিপুর ইউপি পীরগঞ্জ, রংপুর। | চেয়ারম্যান, ১২নং মিঠিপুর ইউনিয়ন পরিষদ পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও বলেন উপজেলা কৃষি অফিস হতে কৃষকদের জন্য কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় কৃষকদের তালিকা নেওয়ার ব্যপারে যত্নশীল হওয়া প্রয়োজন মর্মে সভায় অবহিত করেন। | ইউনিয়নের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | চেয়ারম্যান, ১২নং মিঠিপুর ইউপি |
| চেয়ারম্যান, ১৩নং রামনাথপুর ইউপি পীরগঞ্জ, রংপুর। | চেয়ারম্যান, ১৩নং রামনাথপুর ইউনিয়ন পরিষদ পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও বলেন রামনাথপুর ইউনিয়নটি লালমাটি হওয়ায় বর্ষাকালে রাস্তা চলাচলে জনদুর্ভোগ সৃষ্টি হয়। যার ফলে জনগণ রাস্তাদিয়ে চলাচল করতে পারেনা বিধায় বিভিন্ন রাস্তায় রাবিশদ্বারা মেরামত করার জন্য সভায় অবহিত করেন। | ইউনিয়নের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | চেয়ারম্যান, ১৩নং রামনাথপুর ইউপি |
| চেয়ারম্যান, ১৪নং চতরা ইউপি পীরগঞ্জ, রংপুর। | চেয়ারম্যান, ১৪নং চতরা ইউনিয়ন পরিষদ পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি আরও বলেন উপজেলা হাট-বাজারের অর্থদ্বারা চতরা হাটের পানি নিষ্কাশনের ড্রেন ও সেড নির্মাণের জন্য সভায় আলোচনা করেন। | ইউনিয়নের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং বিভিন্ন ইউনিয়নের প্রকল্প গ্রহণ করে তা জরুরীভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ১৪নং চতরা ইউপি পীরগঞ্জ, রংপুর। |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা পীরগঞ্জ, রংপুর সভায় তার প্রতিনিধি জানান যে, তার দপ্তরের বর্ণিত সেবাগুলো সম্পাদন করা হয়েছে। সেবা প্রাপ্তির রোগীর সংখ্যা বর্হিবিভাগ-১০,১৩৩ জরুরী বিভাগে-১,৫২২, অন্তবিভাগ-১.০৩৪, নরমাল ডেলিভারী-৮৪, এএনসি-৫৪০, পিএনসি-৮৪, আইএমসিআই-৬৭৫,সি.সিতে-২৮,৭৫১জন এছাড়াও উপজেলার ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্রে সেবা প্রদান করা হয়। তিনি আরও বলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হাসপাতালে বৈকালিক সেবা চালু করা হয়েছে যা ব্যাপকভাবে প্রচার প্রচারনা করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং হাসপাতালে বৈকালিক সেবা চালু করা হয়েছে যা ব্যপকভাবে প্রচার প্রচারনা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ |
| উপজেলা কৃষি বিভাগঃ | উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান ২০২৩-২০২৪ অর্থবছরে কন্দল ফসল উন্নয়ন প্রকল্পের আওতায় আগামী ২৪ জুলাই হতে ২৬ জুলাই পর্যন্ত উপজেলা পর্যায়ে ৩(তিন) দিন ব্যাপি কৃষি মেলা ২০২৩খ্রি. অনুষ্ঠিত হবে উক্ত কৃষি মেলায় সকলের অংশ গ্রহণের জন্য সভায় আলোচনা করেন। তিনি আরও জানান উপজেলা কৃষি অফিস চত্তরে কৃষি অফিসের পার্শ্বে ০১টি কৃষ্ণচুড়ার গাছ ঝড়ে ভেঙ্গে পড়েছে। কৃষ্ণচুড়ার গাছটি ভেঙ্গে পড়ায় গাছটি কর্তন করা প্রয়োজন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং কৃষি মেলাটি জাঁকজমকপূর্ণ ভাবে আয়োজন ও ০১টি কৃষ্ণচুড়ার গাছ ঝড়ে ভেঙ্গে পড়ায় বিধি মোতাবেক গাছ কর্তনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা পীরগঞ্জ, রংপুর। |
| উপজেলা প্রকৌশল বিভাগঃ | (ক) উপজেলা প্রকৌশল বিভাগ পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, তার দপ্তরের কাজ সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান উপজেলা পরিষদ চত্তরে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি ইতোমধ্যে পরিত্যক্ত ঘোষিত হওয়ায় ও নতুন বাসভবন না থাকায় পুরাতন ভবনটি আংশিক মেরামত করে বসবাসের উপযোগী করা হয়েছে। বর্তমানে উপজেলা নির্বাহী অফিসার উক্ত বাসায় বসবাস করছেন। উক্ত বাসার ভাড়া নির্ধারণ বিষয়ে আলোচনা করা হয়।<br>তিনি আরও জানান উপজেলা পরিষদ চত্তরে গেজেটেড কোয়াটারের ২য় তলার পূর্ব পার্শ্বের ইউনিটটি বসবাসের অনুপযোগী হওয়ায় উক্ত ইউনিটটি আংশিক মেরামত করা হয়েছে। বর্তমানে উক্ত বাসায় সহকারী কমিশনার (ভূমি) বসবাস করছেন। উক্ত বাসার ভাড়া নির্ধারণ বিষয়ে আলোচনা করা হয়। | (ক) বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং সভায় বিষয়টি নিয়ে আলোচনা করা হয় আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসা ভাড়া মাসিক ৪,০০০/-(চার হাজার) টাকা এবং সহকারী কমিশনার (ভূমি) এর বাসা ভাড়া মাসিক ৩,০০০/-(তিন হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিলে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ পীরগঞ্জ, রংপুর।<br>০২। উপজেলা নির্বাহী অফিসার পীরগঞ্জ,রংপুর।<br>০৩। উপজেলা প্রকৌশলী পীরগঞ্জ, রংপুর। |

| | | | |
|---|---|---|---|
| | (খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের Non municipal প্রকল্পের আওতায় কাজ বাস্তবায়নের জন্য খালাশপীর হাটে হাট-শেড, ড্রেন এবং ওয়াশ ব্লক নির্মাণ। কুমেদপুর বাজারে কসাইখানা নির্মাণ, বিশ মাইল খালাশপীর রাস্তার ৫৪০০মিটার চেইনেজে একটি কালভার্ট নির্মাণের প্রস্তাবনা করা হয়েছে। এছাড়াও ইতিমধ্যে উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ওয়াশ ব্লক নির্মাণের জায়গা পরিবর্তন করে পীরগঞ্জ পৌরসভায় লালদিঘী বাজারে নির্মাণের জন্য পীরগঞ্জ পৌরসভার মেয়র এবং উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের সুপারিশক্রমে প্রস্তাব উপস্থাপন করা হলো। | (খ) উক্ত প্রস্তাবনার বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের Non municipal প্রকল্পের আওতায় কাজ বাস্তবায়নের জন্য খালাশপীর হাটে হাট-শেড, ড্রেন এবং ওয়াশ ব্লক নির্মাণ, কুমেদপুর বাজারে কসাইখানা নির্মাণ, বিশ মাইল খালাশপীর রাস্তার ৫৪০০মিটার চেইনেজে একটি কালভার্ট নির্মাণ ও উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ওয়াশ ব্লক নির্মাণের জায়গা পরিবর্তন করে পীরগঞ্জ পৌরসভায় লালদিঘী বাজারে ওয়াশ ব্লক নির্মাণ। উল্লেখিত কাজগুলো সংশ্লিষ্ট প্রকল্পের আওতায় বাস্তবায়নের লক্ষ্যে সুপারিশসহ উপজেলা প্রকৌশলী পীরগঞ্জ, রংপুরকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ পীরগঞ্জ, রংপুর।<br>০২। উপজেলা নির্বাহী অফিসার পীরগঞ্জ,রংপুর।<br>০৩। উপজেলা প্রকৌশলী পীরগঞ্জ, রংপুর। |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান জুন/২০২৩খ্রিঃ মাসের অত্র উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৯৮,১৪৪জন। মোট পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৭৮,১৩৯জন এবং গ্রহণকারীর হার ৭৯.৬২% এছাড়া জুন/২০২৩খ্রিঃ মাসের পরিবার পরিকল্পনা স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা পুরুষ ০০ জন, মহিলা ০০জন, দীর্ঘমেয়াদী পদ্ধতি আইইউডি ৩৩জন, ইমপ্ল্যান্ট গ্রহণকারীর সংখ্যা ৫০জন, অস্থায়ী পদ্ধতি ইনজেকশন গ্রহণ কারীর সংখ্যা ৫৪৩জন, (ভায়াল বিতরণ ২,১৭৩), খাবার বড়ি গ্রহণ কারীর সংখ্যা ১,৭১৬জন, (বিতরণ চক্র ২৫,৭৩৭) কনডম বিতরন ২১,৩৯৬পিস, জন সংখ্যা ১৪৩জন। এছাড়াও মা ও শিশুস্বাস্থ্য সেবা প্রদান করা হয় বাড়ীতে প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তি দ্বারা শিশু জন্ম গ্রহণ করেছেন ৩৬জন, প্রশিক্ষণ বিহীন ব্যক্তি দ্বারা শিশু জন্ম গ্রহণ করেছেন ০০জন, হাসপাতাল/ক্লিনিকে স্বাভাবিক জন্ম গ্রহণ করেছেন ১৮৪জন, সিজারিয়ান জন্ম গ্রহণ করেছে ১২১জন। গর্ভত্তোর যত্ন প্রদান করা হয় ৩৮৪জনকে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা পীরগঞ্জ, রংপুর। |
| সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ ঃ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে,সিনিয়র উপজেলা মৎস্য অফিস, পীরগঞ্জ এর বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির (এপিএ) কার্যক্রম বাস্তবায়নে মৎস্য অফিস কাজ করে যাচ্ছে। নিয়মিত মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন ও মৎস্য উদ্যোক্তাদের সম্প্রসারণ সেবা প্রদান অব্যাহত আছে। তিনি আরও জানান আগামী ২৪ জুলাই হতে ৩০ জুলাই ৭(সাত)দিন ব্যাপি জাতীয় মৎস্য সপ্তাহ দিবস পালন করা হবে। মৎস্য সপ্তাহ দিবসটি যথাযথভাবে পালনের জন্য সভায় আলোচনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং জাতীয় মৎস্য সপ্তাহটি জাঁকজমকপূর্ণ ভাবে আয়োজনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা পীরগঞ্জ, রংপুর। |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা পীরগঞ্জ,রংপুর সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান ২০২২-২০২৩ অর্থবছরের জন্য অত্র উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক কাজ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে । | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা পীরগঞ্জ, রংপুর। |
| উপজেলা প্রাণী সম্পদ বিভাগ ঃ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, তার বিভাগীয় বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান অত্র উপজেলার গবাদিপশুর স্কীনল্যাম্পিং রোগ দেখা দেওয়ায় পশু পালনকারীদের হতাশা না হয়ে পশুর জায়গায় পরিষ্কার পরিচ্ছন্নতা রাখার জন্য সভায় আলোচনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে । | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ, রংপুর। |
| উপজেলা সমাজসেবা বিভাগঃ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা পীরগঞ্জ,রংপুর সভায় জানান। তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও বলেন অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের ভাতা ভোগীর লাইফ ভেরিফিকেশন কার্যক্রম অনুষ্ঠিত হবে। উক্ত লাইফ ভেরিফিকেশন কার্যক্রমে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়কে সহযোগিতা করার জন্য সভায় আলোচনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে । | উপজেলা সমাজসেবা কর্মকর্তা পীরগঞ্জ, রংপুর। |
| উপজেলা শিক্ষা | উপজেলা শিক্ষা কর্মকর্তা পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, তার | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে | উপজেলা শিক্ষা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| বিভাগ ঃ | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান অত্র উপজেলার ১০(দশ)টি স্কুলে ল্যাপটপ বিতরণ করা হবে মর্মে সভায় অবহিত করেন। | বাস্তবায়ন করতে হবে। | কর্মকর্তা পীরগঞ্জ,রংপুর। |
| উপজেলা সমবায় বিভাগ ঃ | উপজেলা সমবায় কর্মকর্তা পীরগঞ্জ, রংপুর সভায় তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা পীরগঞ্জ,রংপুর। |
| মাধ্যমিক বিভাগঃ | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। মাধ্যমিক পর্যায়ে ৯ম ও ১০ম শ্রেণীর ১ম,২য় ও ৩য় স্থান অধিকারী ছাত্র ছাত্রীদের মাঝে ট্যাপ বিতরণ করা হবে মর্মে সভায় অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে । | মাধ্যমিক বিভাগ পীরগঞ্জ, রংপুর। |
| উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা পীরগঞ্জ, রংপুর। |
| উপজেলা বন বিভাগঃ | উপজেলা বন কর্মকর্তা পীরগঞ্জ, রংপুর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় আলোচনা করা গেল না। | সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা বন কর্মকর্তা পীরগঞ্জ, রংপুর। |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা পল্লী বিভাগ পীরগঞ্জ, রংপুর। |
| সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিভাগঃ | উপ-সহকারী প্রকৌশলী পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে । | জনস্বাস্থ্য বিভাগ পীরগঞ্জ, রংপুর। |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম ও সেবা সপ্তাহ সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে । | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পীরগঞ্জ, রংপুর। |
| ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ পীরগঞ্জ, রংপুর। | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ পীরগঞ্জ, রংপুর সভায় জানান যে, অত্র উপজেলার বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকান্ড সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অনুরোধ করেন। | উপজেলা পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে । | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ পীরগঞ্জ, রংপুর। |
| বিবিধ (ক) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ পীরগঞ্জ, রংপুর সভায় সকল সদস্যকে স্বাগত জানিয়ে তিনি অত্র উপজেলার বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকান্ড সমূহ সঠিকভাবে বাস্তবায়নের জন্য সভায় অনুরোধ করেন | উপজেলা পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে । | চেয়ারম্যান, উপজেলা পরিষদ পীরগঞ্জ, রংপুর। |
| (খ) | উপজেলা নির্বাহী অফিসার পীরগঞ্জ, রংপুর সভায় উপজেলার বিভিন্ন দপ্তরের কাজগুলো সঠিক ও সচ্ছতার সাথে করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | উপজেলার কার্যক্রম সষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে বা যায়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার পীরগঞ্জ,রংপুর। |
| (গ) | তিনি আরও জানান অত্র উপজেলা পরিষদ চত্তরে ২য়তলা বিশিষ্ট ৪(চার)টি এবং ১ তলা বিশিষ্ট ০১টিসহ মোট ০৫(পাঁচ) ভবন পরিত্যক্ত অবস্থায় রয়েছে। পরিত্যক্ত ভবনসমূহ হচ্ছে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও প্রমোট হোস্টেলের প্রাচীরের পূর্বপার্শে ২ তলা বিশিষ্ট জরাজীর্ণ ২টি ভবন, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সম্মুখে দক্ষিণ ও গেজেটেড কোয়ারের উত্তরদিকে মধ্যবর্তী স্থানে ০২ তলা বিশিষ্ট জরাজীর্ণ ০১টি ভবন, উক্ত জরাজীর্ণ ভবনের পূর্ব পার্শে ১ তলা বিশিষ্ট পাম্প হাউজ এবং উপজেলা পরিষদ চত্তরে গেজেটেড কোয়াটার ০১টিসহ ভবনগুলি দীর্ঘদিন যাবত পরিত্যক্ত অবস্থায় আছে। উপজেলা পরিষদ চত্তরটি অপরিস্কার ও জায়গা দখল করে আছে। ভবনগুলি অপসারণ করা হলো উক্ত জায়গাগুলিতে ভবিষ্যতে নতুন ভবন নির্মাণ করা যাবে। ভবনগুলি অপসারণের জন্য কনডেমড ঘোষনা করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয়। | সভায় বিষয়টি নিয়ে আলোচনা করা হয় আলোচনান্তে উপজেলা পরিষদ কমপ্লেক্সের ৫(পাঁচ)টি যা উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও প্রমোট হোস্টেলের প্রাচীরের পূর্বপার্শে পরিত্যক্ত ভবন ০২টি ও ১ম তলা বিশিষ্ট পুরাতন পানির পাম্প ভবন ০১টি ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সম্মুখে দক্ষিণ ও গেজেটেড কোয়ারের উত্তরদিকে মধ্যবর্তী স্থানে ০২ তলা বিশিষ্ট জরাজীর্ণ ০১টি ভবন এবং উপজেলা পরিষদ চত্তরে গেজেটেড কোয়াটার ০১টিসহ মোট ৫(পাঁচ)টি পুরাতন ভবন রয়েছে তা কনডেমড ঘোষনা করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং ভবনের প্রাক্কলনসহ প্রস্তাবটি জেলা প্রশাসক, রংপুর মহোদয়ের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ পীরগঞ্জ, রংপুর।<br>০২। উপজেলা নির্বাহী অফিসার পীরগঞ্জ,রংপুর।<br>০৩। উপজেলা প্রকৌশলী পীরগঞ্জ, রংপুর। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| (ঘ) | উপজেলা পরিষদ চত্তরে উপজেলা সমাজসেবা অফিসারের অফিস কক্ষের ওয়াশরুম খারাপ হওয়ায় জরুরী ভিত্তিতে ওয়াশরুম মেরামত করার জন্য সভায় আলোচনা করেন।<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের ওয়াশরুম খারাপ হওয়ায় জরুরী ভিত্তিতে ওয়াশরুম মেরামত করার জন্য সভায় আলোচনা করেন। | সভায় বিষয়টি নিয়ে আলোচনা করা হয় আলোচনান্তে উক্ত ওয়াশরুম ০২টি মেরামতের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ পীরগঞ্জ, রংপুর।<br>০২। উপজেলা নির্বাহী অফিসার পীরগঞ্জ,রংপুর।<br>০৩। উপজেলা প্রকৌশলী পীরগঞ্জ, রংপুর। |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/০৭/২০২৩

(নুর মোহাম্মদ মন্ডল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পীরগঞ্জ,রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পীরগঞ্জ,রংপুর।

স্মারক নং-০৫.৫৫.৮৫৭৬.০০৩.০০.০২৬.২০১৮-৫৭৬(৪০) তারিখ ঃ ১৮/০৭/২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য,২৪-রংপুর-৬,পীরগঞ্জ,রংপুর।
০২। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। জেলা প্রশাসক,রংপুর।
০৪। উপ-পরিচালক,স্থানীয় সরকার,রংপুর।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,পীরগঞ্জ,রংপুর।
০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,পীরগঞ্জ,রংপুর।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,পীরগঞ্জ,রংপুর।
০৮। মেয়র, পীরগঞ্জ পৌরসভা, পীরগঞ্জ,রংপুর।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০৯। উপজেলা.....................................................অফিসার,পীরগঞ্জ,রংপুর।
১০। চেয়ারম্যান................................................... ইউপি(সকল) পীরগঞ্জ,রংপুর।

১৮/০৭/২০২৩
উপজেলা নির্বাহী অফিসার
পীরগঞ্জ,রংপুর।

CS CamScanner